পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর ঢাকা-১২০৭।

www.iau.edu.bd iau.exam@gmail.com

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- ইআবি/পনি/কামিল ১ম পর্ব পরীক্ষা/২০১৮/৮৮৯

২৬ অগ্রহায়ণ, ১৪২৫ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ
০২ রবিউস সানি, ১৪৪০ হিজরী

বিজ্ঞপ্তি

কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষা-২০১৮ এর নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট, মান উন্নয়ন ও রিটেইক পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর অধিভুক্ত সকল কামিল মাদরাসার অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষা-২০১৮ এর ফরম পূরণের নিমিত্ত বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত তফসিল অনুযায়ী সম্পন্ন হবে। এতদ সংক্রান্ত অন্যান্য কার্যক্রম, নিয়মাবলি এবং ফি-এর হার নিম্নে প্রদত্ত হলো।

১। অন-লাইনে (eFF) আবেদন ফরম পূরণ সংক্রান্ত নির্দেশাবলি :

ক্রম.	বিবরণ	তারিখ
০১	বিলম্ব ফি- ছাড়া কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষার অনলাইন eFF এর তারিখ-	১৮/১২/২০১৮ থেকে ২৭/১২/২০১৮
০২	বিলম্ব ফি- ছাড়া কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষার ফি- ও অন্যান্য আনুষঙ্গিক ফি- ব্যাংকে জমা দেয়ার তারিখ-	১৮/১২/২০১৮ থেকে ২৭/১২/২০১৮
০৩	বিলম্ব ফি- সহ কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষার অনলাইন eFF এর তারিখ	২৮/১২/২০১৮ থেকে ০৩/০১/২০১৯
০৪	বিলম্ব ফি- সহ কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষার ফি- ও অন্যান্য আনুষঙ্গিক ফি- ব্যাংকে জমা দেয়ার তারিখ-	২৮/১২/২০১৮ থেকে ০৩/০১/২০১৯
০৫	পরীক্ষার ফি-, আনুষঙ্গিক ফি- জমার রশিদ, অনলাইনে আবেদন ফরম পূরণ (eFF) এরপর প্রাপ্ত পরীক্ষার্থী তালিকা (অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) এবং আনুষঙ্গিক কাগজপত্র বিশ্ববিদ্যালয়ে জমা দেয়ার তারিখ- (অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পর কোন ক্রমেই পরীক্ষার ফি- জমার রশিদ ও আনুষঙ্গিক কাগজপত্র গ্রহণ করা হবে না।)	০৬/০১/২০১৯

২। পরীক্ষার্থীর যোগ্যতা :

ক) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) ১ম পর্বের নিয়মিত ও প্রাইভেট ভর্তিকৃত ছাত্র-ছাত্রী কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষা-২০১৮ এ অংশ গ্রহণ করতে পারবে।

খ) যারা ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) শ্রেণিতে নিয়মিত ও প্রাইভেট ভর্তি হয়ে রেজিস্টেশন প্রাপ্ত হয়ে কামিল ১ম পর্ব পরীক্ষা-২০১৬ এ কৃতকার্য হয়েছে কিন্তু কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষা-২০১৭ এ অংশগ্রহণ করেনি বা উত্তীর্ণ হয়নি তারা কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষা-২০১৮ এ অংশগ্রহণ করতে পারবে।

গ) যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে পুন:ভর্তি ফি জমা দেয়নি তাদের রেজিস্ট্রেশন মেয়াদ থাকা সাপেক্ষে ১৭৫/- (একশত পঁচাত্তর) টাকা পুন:ভর্তি ফি Online Banking-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক লি. হিসাব নং-**০২০০০০৯০৮২৩৪১** (ইআবি পরীক্ষা ফান্ড) সাতমসজিদ রোড শাখা, ঢাকা, এর মাধ্যমে জমা দিতে হবে।

৩। রিটেইক (Retake)/গ্রেড উন্নয়ন পরীক্ষা:

ক) যে সকল ছাত্র-ছাত্রী কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষা- ২০১৭ এ সকল বিষয়ে অংশগ্রহণ করে কোন একটি বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা পরবর্তী বছর (Immediate Year) হিসেবে ১ম পর্ব পরীক্ষা-২০১৮-এ শুধু সেই অনুত্তীর্ণ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে ঐ বিষয়ে প্রাপ্ত নম্বর পূর্বে প্রাপ্ত বিভিন্ন বিষয়ের মোট নম্বরের সাথে যোগ করে তার ফলাফল নির্ধারিত হবে। এ সুযোগ পরীক্ষার্থী শুধু একবারই পাবে।

খ) যে সকল পরীক্ষার্থী কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষায় (গ্রেড পয়েন্ট GP-3.50 এর কম) পেয়েছে, তারা গ্রেড উন্নয়ন করতে চাইলে ২০১৮ সালের ১ম পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করে মানোন্নয়নের সুযোগ পাবে। এই সুযোগ পরীক্ষার্থী শুধু

একবারই পাবে। তবে পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থী অবশ্যই উক্ত বর্ষের পরীক্ষার Online এ (eFF মেনুতে) Improvement/গ্রেড উন্নয়ন ফরম পূরণ করতে হবে।

গ) রিটেইক (Retake)/ গ্রেড উন্নয়ন (Improvement) পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রতি বিষয় ৪০০.০০ (চারশত) টাকা ফি- ব্যাংকে জমাদান সাপেক্ষে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের বরাবর আবেদন করতে হবে।

৪। রেজিস্ট্রেশন সংক্রান্ত নির্দেশাবলি :

রেজিস্ট্রেশন নম্বর ছাড়া আবেদন ফরম কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ সকল পরীক্ষার্থীর **রেজিস্ট্রেশন কার্ডের নম্বর** ও **বিষয় কোড** সম্পর্কে নিশ্চিত হয়ে ফরম পূরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত :

পরীক্ষার্থীকে সর্বশেষ প্রচলিত কামিল (স্নাতকোত্তর) ১ম পর্বের নিয়মিত ও অনিয়মিত শ্রেণির জন্য প্রণীত পাঠক্রম-পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৬। অন-লাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলি :

ক) eFF করার জন্য e.iau.edu.bd- তে প্রবেশ করে EIIN ও Password দিয়ে Login করে কামিল /কামিল প্রাইভেট 1st year, eFFএবং সেশন ২০১৭-২০১৮ সিলেক্ট করে Continue বাটনে ক্লিক করতে হবে।

খ) eFFএর Login Password এর ক্ষেত্রে eSIF এর Login Password ব্যবহার করতে হবে। প্রদর্শিত সম্ভাব্য তালিকায় টিক চিহ্ন (✓) দিয়ে শিক্ষার্থী সংখ্যা অনুযায়ী অগ্রণী ব্যাংকের নিজস্ব জমা রশিদের মাধ্যমে সমপরিমাণ টাকা ব্যাংকে জমা দিতে হবে এবং উক্ত মূল রশিদটি অবশ্যই বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমা দিতে হবে।

[বি.দ্র. কোন অবস্থাতে ০৩/০১/২০১৯ খ্রি. এর পরে অনলাইনে eFF করা যাবে না]

খ) অসম্পূর্ণ আবেদন কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে এবং এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ বহন করবেন।

৭। সকল প্রকার পরীক্ষার্থীর যাবতীয় ফি-এর হার নিম্নরূপ:

পরীক্ষার নাম	পরীক্ষার ফি- (প্রতি পত্র - ২০০/-)	টিউটোরিয়াল পরীক্ষার ফি- (প্রতি পত্র- ৮০/-)	মৌখিক পরীক্ষার ফি- (প্রতি ছাত্র)	জাতীয় শিক্ষা সপ্তাহ ফি- (প্রতি শিক্ষার্থী)	নম্বরপত্র ফি-	মূল সনদপত্র ফি-	মোট	রিটেইক/গ্রেড উন্নয়ন (প্রতি পত্র)	বিলম্ব ফি-
কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব	৮০০/- (৪ টি পত্র)	৩২০/- (৪ টি পত্র)	২০০/-	৫/-	-------	-------	১,৩২৫/-	৪০০/-	৩০০/-

৮। <u>অন্যান্য ফি-এর হার :</u>

ক) কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষা-২০১৮-এর প্রতি পরীক্ষার্থীর কেন্দ্র ফি- ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) টাকা (ব্যবহারিক পরীক্ষা ব্যতিত) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।

খ) কেন্দ্র ফি- বাবদ আদায়কৃত অর্থ থেকে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। বিশ্ববিদ্যালয় হতে অলিখিত উত্তরপত্র, পরীক্ষা সংক্রান্ত যাবতীয় সরঞ্জামাদি সংগ্রহ ও পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করার জন্য প্রয়োজনীয় ব্যয় কেন্দ্র ফি- হতে বহন করতে হবে।

৯। ক) পরীক্ষার্থীর প্রয়োজনীয় ফি- Online Banking-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, সাতমসজিদ রোড শাখা, ঢাকা হিসাব নং- **০২০০০০৯০৮২৩৪১** (ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরীক্ষা ফান্ড) এর মাধ্যমে জমা দিতে হবে। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট কাগজপত্র ও ব্যাংকে টাকা জমা দেয়ার মূল রশিদ ব্যতিত Final Candidates List প্রকাশ করা হবে না। টাকা জমা দেয়ার মূল রশিদ ও আনুষঙ্গিক কাগজপত্রসহ উপরে বর্ণিত সময়সূচি অনুযায়ী ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অফিস চলাকালীন সময়ে জমা দিয়ে রিসিভ কপি সংগ্রহ করতে হবে। অন্যথায় এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ বহন করবেন।

খ) ব্যাংকে টাকা জমার পর মাদরাসার অধ্যক্ষ টাকা জমা রশিদের বিপরীত পৃষ্ঠায় মাদরাসার সীলমোহরসহ স্বাক্ষর করবেন।

গ) কোনোক্রমেই পরীক্ষাসংক্রান্ত নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদি বিশ্ববিদ্যালয় ফি- হিসেবে গ্রহণ করা হবে না।

ঘ) বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনো ক্রমেই পরীক্ষার ফি-এর টাকা জমার রশিদ গ্রহণ করা হবে না।

৯) পরীক্ষার ফি- জমার রশিদ, অনলাইনে আবেদন ফরম পূরণ (eFF) এর পর প্রাপ্ত পরীক্ষার্থী তালিকা (অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) এবং আনুষঙ্গিক কাগজপত্র বিশ্ববিদ্যালয়ে জমা দেওয়ার সময় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর হালনাগাদ **অধিভুক্তি নবায়ন কপি এবং গভর্নিং বডির অনুমোদন কপি** সংশ্লিষ্ট মাদরাসাকে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় পরীক্ষা সংক্রান্ত কোনো কাগজপত্র গ্রহণ করা হবে না।

১০। **অন্যান্য বিষয় সংক্রান্ত :**

ক) বৈধ রেজিস্ট্রেশন প্রাপ্ত শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের অনুমতি ছাড়া অবৈধভাবে মাদরাসা বদলি হওয়ার কারণে ২০১৮ সালে পরীক্ষা দেওয়ার যোগ্য নয় ও অন্য যে কোনো ধরণের অবৈধ ছাত্র-ছাত্রীকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দিলে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ দায়ী থাকবেন এবং ঐ সমস্ত পরীক্ষার ফলাফল বাতিল বলে গণ্য হবে।

১১। অন-লাইনে ফরম পূরণের www.iau.edu.bd এ কোন সমস্যা হলে আইসিটি শাখার হেল্প ডেস্ক -**০১৭০৯৩৮৯০০৭, ০১৭০৯৩৮৯০০৬** মোবাইল নম্বরে এবং পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলির বিষয়ে কামিল ১ম পর্ব শাখার **০১৭১৩৫৫৬১৭৭** মোবাইল নম্বরে অথবা ই-মেইল iau.exam@gmail.com (অফিস চলাকালীন সময়ে) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

১২। বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০১৮ সালের কামিল (স্নাতকোত্তর) ১ম পর্বের নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি সঠিক ভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১০.১২.১৮

(প্রফেসর সিরাজ উদ্দিন আহ্‌মাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- ইআবি/পনি/কামিল ১ম পর্ব পরীক্ষা/২০১৮/ ৮৮৯ তারিখ:১০/১২/২০১৮ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. ডীন, ফাজিল (স্নাতক) শিক্ষা বিষয়ক কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৩. অধ্যক্ষ, অধিভূক্ত সকল কামিল মাদরাসা।
৪. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব(উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৬. ট্রেজারার মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা(ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৭. সকল কর্মকর্তা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৮. আইসিটি শাখা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৯. জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
১০. অফিস কপি।

১০.১২.১৮

(মো: আবদুল খালেক)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।